আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে ট্যাপেন্টাডলসহ আটক ১

আলমডাঙ্গা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫০ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধারসহ ১জনকে গ্রেফতার করেছে।

আজ শুক্রবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলার কয়রাডাঙ্গা গ্রাম থেকে তাকে আটক করে।

আটক ব্যক্তি দামুড়হুদা উপজেলার গেপীনাথপুর গ্রামের আনোয়ার হোসেনের ছেলে শরিফুল ইসলাম (৩৬)।

পুলিশ সুত্রে জানা যায়, আলমডাঙ্গার কয়রাডাঙ্গা গ্রামের ব্রীজের উপর ট্যাপেন্টাডল ট্যাবলেট বেচাকেনা হচ্ছে বলে পুলিশের কাছে সংবাদ আসে। সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথের নির্দেশে এসআই (নিঃ) তারিফুজ্জামান সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। পুলিশেরর অভিযানে ট্যাপেন্টাডল ট্যবলেটসহ শরিফুল ইসলামকে হাতে নাতে আটক হয়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদক দ্রব্য আইনে মামলা হয়েছে।

আলমডাঙ্গায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন

আলমডাঙ্গায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার সকাল সাড়ে ৯ টায় এ দিবস উপলক্ষ্যে উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করেন। পরে উপজেলা পরিষদের হল রুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এবারের দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষ্যে ‘অসমতার বিরুদ্ধে লড়াই করি, দুর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি’ স্লোগানে দিবসটি পালিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে আয়ুব হোসেন বলেন, বৈশ্বিক উষ্ণতার কারণে দেশে বিভিন্ন দুর্যোগের মুখোমুখি হতে হচ্ছে। একারণে ঘর-বাড়ির সহ সকলকে জান-মালের নিরাপত্তায় ভুগতে হয়। পরিবেশের ভারসাম্য রক্ষায় প্রত্যেকে একটি করে গাছ লাগানো প্রয়োজন।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান খন্দকার সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা শিক্ষা অফিসার জিয়াউল হক, থানার ওসি (অপারেশন) ফরিদ উদ্দিন, প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সহযোগিতার মাধ্যমে অনুষ্ঠিত আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক।

এছাড়া কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় আরো বক্তব্য রাখেন উপজেলা মহিলা তথ্য আপা কর্মকর্তা স্নিগ্ধা দাস, সহকারী শিক্ষা কর্মকর্তা হুমায়ুন কবির, উপ-সহকারী কৃষি কর্মকর্তা খালিদ সাইফুল্লাহ, থানার এস আই তারিফুজ্জামান, উপজেলা স্কাউটসের সাধারণ সম্পাদক প্রধান শিক্ষক নুরুল ইসলাম দীপু, ফায়ার সার্ভিস কর্মকর্তা আল মামুন, স্কাউট প্রতিনিধি তন্ময় বিশ্বাস, অংকুর দত্ত প্রমূখ।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের প্রধান, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী, সাংবাদিক, স্কাউটের প্রতিনিধি, ফায়ার সার্ভিসের সদস্য উপস্থিতি ছিলেন।

দামুড়হুদায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন

দামুড়হুদায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকাল ১০ টার দিকে এ উপলক্ষে একটির্ র্যালী শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে র্যালি ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা। দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বাস্তবায়নে আলোচনা সভায় বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দর্শনা ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার নাসির উদ্দীন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের নাজির শাখাওয়াত হোসেন, দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের সহকারী শিক্ষিক আশরাফুল হক, দামুড়হুদা প্রেসক্লাবের যুগ্ন সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের অফিস সহকারী জাকির হোসেন সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ প্রমুখ।

দামুড়হুদার জয়রামপুরে তপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদার জয়রামপুরে তপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। এতে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে আড়িয়া মিশন টাইগার ক্লাব।

আজ শুক্রবার বিকেল ৪টার দিকে জয়রামপুর ইউথ ক্লাব মাঠে খেলাটি অনুষ্ঠিত হয়।

জয়রামপুর ইউথ ক্লাবের আয়োজন ফাইনাল খেলায় মুখোমুখি মাঠে নামে আড়িয়া মিশন টাইগার ক্লাব বনাম ইঞ্জিনিয়ারিং ক্লাব কাঞ্চনপুর। খেলার নির্ধারিত সময়ে ইঞ্জিনিয়ারিং ক্লাব কাঞ্চনপুর কে ১-০গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে আড়িয়া মিশন টাইগার ক্লাব। খেলা শেষে দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলাম পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরষ্কার তুলে দেন চ্যাম্পিয়ন দল ও রানার্স আপ দলের খেলোয়াড়দের।

জয়রামপুর ইউথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ফুটবল এসোসিয়েশন সভাপতি এখলাছ উদ্দিন সুজন।

জয়রামপুর ইউথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল ইসলামের সঞ্চালনায় এসময় অতিথি ছিলেন জয়রামপুর ইউথ ক্লাবের সাবেক সভাপতি ইউনুছ আলি,আমজাদ হোসেন, সিরাজুল ইসলাম মাস্টার, নিশান তরফদার, দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সভাপতি এমরাজ উদ্দীন খোকন, আহসান কবির রিপন প্রমুখ। খেলায় রেফারির দায়িত্ব পালন ইকরামুল হাসান নিপুণ, আব্দুস সবুর, তরিকুল ইসলাম আলো। মেডিকেল টিমের দায়িত্ব পালন করেন আবু বক্কর ও রাশিদুল ইসলাম স্বপন, ধারাভাষ্যকার ছিলেন শামীম খাঁন।

চুয়াডাঙ্গা-২ আসনের জাহাঙ্গীর আলমের গণসংযোগ

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন কে সামনে রেখে গভীর রাত অবধি গনসংযোগ করে যাচ্ছেন চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী জাহাঙ্গীর আলম। তাঁরই ধারাবাহিকতায় আজ শুক্রবার দামুড়হুদা সদর ইউনিয়ন ও হাউলী ইউনিয়নের বিভিন্ন গ্রামে গনসংযোগ করেন চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী জাহাঙ্গীর আলম।

গনসংযোগ কালে তিনি বলেন, আমি যদি এমপি হতে পারি তাহলে আপনাদের সেবক হিসেবে মুরুব্বিদের দিক নির্দেশনায় চুয়াডাঙ্গা -২ আসনের এলাকা বাসীর ভাগ্য উন্নয়নের লক্ষ্যে সর্বদাই জনগনের পাশে থেকে কাজ করে যাবো। আপনারা দোয়া করবেন যেনো চুয়াডাঙ্গা -২ আসনে বিজয়ী মালা এনে দিতে পারি।এবারের নির্বাচনে সাধারন মানুষের ব্যাপক সাড়া ও ভালোবাসা পাচ্ছি।

সাধারন জনগন বলেন, এই নির্বাচনে বর্তমান সময়ে জাহাঙ্গীর আলমের জনস্রোত নেমেছে। এবং তিনি রেকর্ড পরিমান ভোট পেয়ে জনতার এমপি নির্বাচিত হবেন। তিনি যে এলাকায় যাচ্ছেন তাকে দেখার জন্য সাধারন জনগন লাইন ধরে দাঁড়িয়ে থাকছে। স্থানীয় তরুণ প্রজন্মের জনগণ তাকে এমপি হিসেবে দেখতে চায়। চুয়াডাঙ্গা -২ আসনের প্রতিটা স্থানে উন্নয়নের ছোঁয়া লাগবে তার হাত দিয়েই।

দর্শনা কেরুজ কৃষি খামারের আখ রোপন কাজে আধুনিক যন্ত্রের ব্যবহার

বাংলাদেশে এই প্রথম ৮৫ বছর পর দর্শনা কেরুজ চিনিকলের কৃষি খামারে আখ রোপনের কাজে যুক্ত হয়েছে সুগার কেইন প্লান্টার মেশিন। ফলে আখ রোপনের কাজ যেমন হবে সহজ সাধ্য এবং সাশ্রয়ি হবে অর্থ। এর ফলে চিনিকলের আওতায় আখ রোপন বৃদ্ধি পাবে বলে সচেতন মহল মনে করছেন। আধুনিক যন্ত্রপাতির ব্যবহার বাড়ছে কৃষি খাতে। ফলে এর প্রভাব পড়ছে বাড়তি উৎপাদনে। তারি ধারাবাহিকতায় দর্শনা কেরুজ চিনিকলের কৃষি খামারগুলোতে আখ রোপনের জন্য ক্রয় করেছে প্লান্ট মেশিন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে যান্ত্রীক মেশিন দিয়ে বেগমপুর বানিজ্যিক কৃষি খামারের আখ রোপনের মধ্য দিয়ে আখ রোপন কাজের উদ্বোধন করেন চিনিকলের ব্যবস্থপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

২০২৩-২৪ রোপন মৌসুমে কেরু নিজস্ব জমিতে ১১শ একর আখ রোপনের

লক্ষমাত্রা নিয়ে যাত্রা শুরু করেছে। এর মধ্যে কেরুজ বেগমপুর ফার্মে ১১০ একরের মধ্যে ৪ একর জমিতে আধুনিক প্রযুক্তি মাধ্যমে ৪ একর জমিতে আখ রোপন সম্পর্ন হয়েছে। এর ফলে শ্রমিক দিয়ে একর প্রতি খরচ হতো ২১টি লেবার। যান্ত্রীকি করণের কারণে ৮/১০ জন শ্রমিক বিনিয়োগ করলেই এক একর আখ রোপন অনায়েশে করতে পারবে কর্তৃপক্ষ।

ব্যবস্থপনা পরিচালক বলেন, এ যন্ত্র ব্যবহারের ফলে সময় ও অর্থ শাশ্রয় হবে। চলতি মোরসুমে ৪টি মেশিন আমদানি করা হয়েছে। আগামীতে এলাকাবাসি আখ চাষ করতে চাইলে এ যন্ত্র সহজমূল্যে চাষিদেরকে দেয়ার ব্যবস্থা করা হবে।

এসময় উপস্তিত ছিলেন চিনিকলের মহা ব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভুইয়া, ফার্ম ম্যানেজার সুমন কুমার সাহা, কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান, আখচাষি আবজালুল হক ধীরু, এছাড়া উপস্থিত ছিলেন, কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, ঈক্ষু সংগ্রহ (সিপিও), মাহবুবুর রহমান, ইক্ষু সংগ্রহ (ডিজিএম) আবু তালহা, ডিহি খামার ইনচার্জ ইমদাদুল হক, বেগমপুর খামার ইনচার্জ ফিরোজ আহম্মেদ,ঝাঝরি খামার ইনচার্জ মিনারুল ইসলাম, কেরুর শ্রমিক ইউনিয়নের সহ সভাপতি মোস্তাফিজুর রহমান, সাবেক সহ সাধারন সম্পাদক খবির উদ্দিন, সহ অন্যন্যা কর্মকর্তা আাখ চাষি ও খামার সংশিষ্ট বিভিন্ন শ্রমিক কর্মচারি উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় সুবিধাভোগীদের সাথে এমপি টগরের মতবিনিময় সভা

বাংলাদেশ এখন উন্নয়নের মডেল হিসাবে সারা বিশ্বে পরিচিত লাভ করেছে। আওয়ামীলীগ সরকার ক্ষমতায় আসার একের পর এক উন্নয়নের ধারা অব্যহত রয়েছ। জাতির জনক বঙ্গবন্ধু স্বপ্ন দেখেছিলেন দারিদ্র্য খুদা নিরক্ষর মুক্ত একটি সোনার বাংলাদেশ। জাতির জনকের স্বপ্ন পৃরনে তারিউ সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ ও জাতির উন্নয়নে কাজ করে যাচ্ছেন নিরন্তর। দেশের প্রতিবন্ধী ও

অসহায় মানুষের কষ্ট লাগবে গ্রহন করেছে নানামুখী কর্মসৃচী। বয়স্কভাতা বিধবাভাতা মাতৃকালীনভাতা ও মুক্তিযোদ্ধা ভাতা ব্যাবস্থা করেছে। কোন মেধামী ছাত্র অর্থের অভাবে ঝরে না পড়ে সেজন্য শিক্ষা ভাতা বছরের শুরুতে বিনামূল্য বই দেওয়া হচ্ছে। রাস্তা ঘাট ব্রীজ মসজিদ, মুন্দির, স্কুল কলেজ মাদ্রাসা অসংখ্য বভনসহ অবকাঠামো উন্নয়ন করেছে শেখ হাসিনা সরকার।তাই আসুন উন্নয়নের অগ্রযাত্রা ধরে রাখতে আবারো নৌকা মার্কায় ভোট দিয়ে জননেত্রী শেখ হাসিনাকে সরকার গঠনে ঐক্য বদ্ধ হয়ে কাজ করি।দামুড়হুদা উপজেলায় ইউনিয়ন পর্যায়ে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় সুবিধাভোগী ব্যাক্তিদের নিয়ে মতবিনিময় সভায় চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এসব কথা বলেন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের আয়োজনে কুড়ুলগাছি ফুটবল মাঠে আয়োজিত এ মতবিনিময় সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার রোকসানা মিতার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আ লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক গোলাম ফারুক আরিফ,দর্শনা কেরুর প্রশাসন বিভাগের সাবেক এডিএম শেখ শাহাব উদ্দীন, কুড়ুলগাছি ইউনিয়ন আ লীগের সভাপতি এম হাবিবুল্লাহ বাহার, সাধারণ সম্পাদক মোঃ সরোয়ার হোসেন, সহসভাপতি ওসমান গনি, সাবেক চেয়ারম্যান শাহ মোঃ এনামুল করিম ইনু, সাংগঠনিক সম্পাদক হাসমত আলী, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট প্রমুখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সমাজ সেবা অফিসার মোফাজ্জেল হোসেন। অনুষ্ঠাটির আযোজন করেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ কামাল উদ্দীন।

দামুড়হুদায় শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

দামুড়হুদায় আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর সাড়ে ৩ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে দুর্গাপূজা উদযাপনের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শেখ মাহাবুব, দর্শনা থানার ওসি অপারেশন শফিউল আলম, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা রাফেজা বেগম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, উপজেলার ফায়ার সার্ভিসের কমান্ডার, বিজিবির ক্যাম্প কমান্ডার বৃন্দ, উপজেলার ২২ টি পূজা মণ্ডপের সভাপতি সাধারণ সম্পাদক বৃন্দ সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

আসন্ন শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় বক্তারা বলেন, প্রতিটা পূজা মন্ডপে যেন সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়। আগত দর্শনার্থী মেয়েদের যেন কোনোভাবেই কেউ ইভটিজিং না করে সেদিকে সবাইকে খেয়াল রাখতে হবে।

উপজেলায় এবার ২২ টি পূজা মন্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। আলোকসজ্জার ক্ষেত্রে অবশ্যই উন্নত মানের তার ব্যবহার করতে হবে। কোনভাবে যেন শর্ট সার্কিট না হয়। প্রতিটি পূজা মন্ডপে অগ্নি নিরপনের ব্যবস্থা রাখতে হবে। পূজা চলাকালীন অবস্থায় কোনো নেশা বা অতিরিক্ত মদ্যপান করা যাবে না। সবাই মনে রাখবেন, ধর্ম যার যার উৎসব সবার।

এসময় উপজেলার ২২ টি পূজা মন্ডপে খরচের জন্য কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস ২২ হাজার টাকা প্রদান করেন।

দামুড়হুদায় আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুর আড়াই টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শেখ মাহাবুব, দর্শনা থানার ওসি অপারেশন শফিউল আলম, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা রাফেজা বেগম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, উপজেলার ফায়ার সার্ভিসের কমান্ডার, বিজিবির ক্যাম্প কমান্ডার বৃন্দ সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় আন্তর্জাতিক

দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে মহড়া

আলমডাঙ্গায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে সচেতনতামূলক মহড়া অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১১টায় উপজেলা পরিষদ প্রাঙ্গণে ‘অসমতার বিরুদ্ধে লড়াই করি, দুর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি’ স্লোগানে দিবসটি পালিত হয়।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সহযোগিতায় উপজেলা প্রশাসনের আয়োজনে ভূমিকম্প ও অগ্নিকাণ্ড বিষয়ক সচেতনতা মূলক মহড়া প্রদর্শন করে আলমডাঙ্গা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা।

সচেতনতা মহড়া প্রদর্শনের সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার (ইউএনও) স্নিগ্ধা দাস, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, শিক্ষা অফিসার সামসুজ্জোহা, কৃষি কর্মকর্তা রেহানা পারভির, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) আরিফুদ্দৌলা, মহিলা তথ্য আপা স্নিগ্ধা দাস, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা নাজিদ আহমেদ।

ভূমিকম্প প্রতিরোধ ও অগ্নি নির্বাপক মহড়ার নেতৃত্ব দেন আলমডাঙ্গা ফায়ার স্টেশনের আল মামুন ।